

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা)
বিদ্যুৎ বিভাগ
আইইবি ভবন (লেভেল ৯ ও ১০), রমনা, ঢাকা-১০০০
www.sreda.gov.bd

নং: ২৭.০২.০০০০.০২২.১৮.০০১.২২-১৫৮

তারিখ: ১ সেপ্টেম্বর ২০২৫ খ্রিঃ

৮ম জ্বালানি নিরীক্ষক সনদ পরীক্ষার বিজ্ঞপ্তি

টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১২ এবং জ্বালানি নিরীক্ষা প্রবিধানমালা, ২০২৩ অনুযায়ী বিদ্যুৎ ও জ্বালানির বৃহৎ ব্যবহারকারী প্রতিষ্ঠানসমূহে জ্বালানির দক্ষ ও সশ্রমী ব্যবহার চিহ্নিত এবং নিশ্চিত করতে স্রেডা দেশে পর্যাপ্ত সংখ্যক জ্বালানি নিরীক্ষক সনদায়নের লক্ষ্যে ৮ম জ্বালানি নিরীক্ষক সনদ পরীক্ষা আয়োজন করতে যাচ্ছে।

২। জ্বালানি নিরীক্ষা প্রবিধানমালা, ২০২৩ অনুযায়ী জ্বালানি নিরীক্ষক সনদ পরীক্ষায় অংশগ্রহণের নিমিত্ত নিম্নবর্ণিত যে কোনো একটি যোগ্যতা থাকতে হবে :

- ❖ বিদ্যুৎ ও জ্বালানি সংক্রান্ত বিষয়ে অনূন্য ২ (দুই) বৎসরের কর্ম অভিজ্ঞতাসহ কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে প্রকৌশল বা স্থাপত্য বিষয়ে স্নাতক ডিগ্রি;
- ❖ বিদ্যুৎ ও জ্বালানি সংক্রান্ত বিষয়ে অনূন্য ১ (এক) বৎসরের কর্ম অভিজ্ঞতাসহ কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে প্রকৌশল বা স্থাপত্য বিষয়ে স্নাতকসহ প্রকৌশল অথবা ব্যবস্থাপনা বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি;
- ❖ বিদ্যুৎ ও জ্বালানি সংক্রান্ত বিষয়ে অনূন্য ৩ (তিন) বৎসরের কর্ম অভিজ্ঞতাসহ পদার্থ বিদ্যা, গণিত শাস্ত্র, রসায়ন শাস্ত্র বা সংশ্লিষ্ট যে কোনো ফলিত বিজ্ঞান বিষয়ে স্নাতকসহ নবায়নযোগ্য বা বিকল্প জ্বালানি বা টেকসই জ্বালানি বা জ্বালানি ব্যবস্থাপনা বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি; অথবা
- ❖ বিদ্যুৎ ও জ্বালানি সংক্রান্ত বিষয়ে অনূন্য ৬ (ছয়) বৎসরের কর্ম অভিজ্ঞতাসহ কোনো স্বীকৃত পলিটেকনিক ইনস্টিটিউট হতে প্রকৌশল বা স্থাপত্য বিষয়ে ডিপ্লোমা।

৩। উক্ত পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী যথাযথ যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের আগামী ০৫ অক্টোবর ২০২৫ খ্রিঃ তারিখের মধ্যে অনলাইনে আবেদন সম্পন্ন করতে হবে এবং ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এ “**SREDA Fund, Sonali Bank PLC, Supreme Court Branch**” উল্লেখপূর্বক সোনালী ব্যাংক এর যেকোনো শাখা থেকে আবেদন ফি বাবদ ২,০০০/- (দুই হাজার) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (**অফেরতযোগ্য**) এর মূলকপি টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা), আইইবি ভবন (লেভেল ১০), রমনা, ঢাকা- বরাবর পৌঁছাতে হবে। খামের উপর অবশ্যই আবেদনকারীর নাম, পিতার নাম, জাতীয় পরিচয়পত্রের নম্বর, মোবাইল নম্বর ও আবেদনকৃত পরীক্ষার নাম উল্লেখ করতে হবে।

অনলাইন আবেদন ফরমের লিংক: <https://forms.gle/hKTTrgD2Gu9HQhwdA>

৪। উল্লেখ্য, আবেদন প্রাপ্তির পর স্রেডা কর্তৃক যাচাইয়ের মাধ্যমে প্রাথমিকভাবে যোগ্য আবেদনকারী নির্বাচন করা হবে। পরবর্তীতে প্রাথমিকভাবে নির্বাচিত আবেদনকারী কর্তৃক পরীক্ষা ফি বাবদ মোট ১০,০০০/- (দশ হাজার) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (**অফেরতযোগ্য**) জমা প্রদান সাপেক্ষে চূড়ান্তভাবে যোগ্য পরীক্ষার্থী নির্বাচন করা হবে। পরীক্ষা ফি বাবদ অর্থ ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে জমাদানের ক্ষেত্রে ক্রমিক ৩ এ বর্ণিত নিয়মাবলী অনুসরণ করতে হবে।

৫। যোগ্য পরীক্ষার্থীদেরকে জ্বালানি নিরীক্ষক সনদ পরীক্ষায় উত্তীর্ণ হওয়া সাপেক্ষে জ্বালানি নিরীক্ষক সনদ প্রদান করা হবে। উল্লেখ্য, যদি কোনো প্রার্থী ৪ (চার) বিষয়ের মধ্যে ০১ (এক) বিষয়ে অনুত্তীর্ণ হন, সেক্ষেত্রে উক্ত বিষয়ের জন্য তিনি নির্দিষ্ট ফি প্রদান সাপেক্ষে, সর্বোচ্চ ২ (দুই) বার উক্ত পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ পাবেন।

৬। ইতঃপূর্বে জ্বালানি নিরীক্ষক সনদ পরীক্ষায় ০১ (এক) বিষয়ে অনুত্তীর্ণ প্রার্থীদেরকে অনলাইনে নতুন করে আবেদন করতে হবে না। তবে ক্রমিক ৩ এ বর্ণিত নিয়মে পুনঃ আবেদন ফি বাবদ ৬,০০০/- (ছয় হাজার) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (**অফেরতযোগ্য**) পাঠাতে হবে। খামের উপর অবশ্যই আবেদনকারীর নাম, পিতার নাম, জাতীয় পরিচয়পত্রের নম্বর, মোবাইল নম্বর ও আবেদনকৃত পরীক্ষার নাম এবং পূর্বে অংশগ্রহণকৃত সকল পরীক্ষার রোল নম্বর উল্লেখ করতে হবে।

- ৭। পরীক্ষার সময়সূচিসহ সংশ্লিষ্ট সকল বিষয়াদি যথাসময়ে ওয়েবসাইটে প্রকাশ করা হবে অথবা ই-মেইলের মাধ্যমে প্রার্থীদের জানিয়ে দেয়া হবে।
- ৮। কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকেই এ বিজ্ঞাপন বাতিল/প্রত্যাহারের অধিকার সংরক্ষণ করে। পরীক্ষা সংক্রান্ত যাবতীয় বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- ৯। অনলাইনে আবেদন ও ফি পাঠানোর শেষ তারিখ: ০৫ অক্টোবর ২০২৫ খ্রিঃ।

স্বা/-
০১/০৯/২০২৫
(মোঃ আব্দুল্লাহ আল মামুন)
সহকারী পরিচালক
জ্বালানি নিরীক্ষা ও এক্রিডিটেশন